

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩০৮

খোয়াই, ২৮ মার্চ, ২০২৪

**খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি রক্ষায় খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকায় ১৪৪ ধারায় জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। খোয়াই জেলার জেলাশাসক চান্দনি চন্দ্রন এক আদেশে জানিয়েছেন আগামী ৩০ মার্চ ২০২৪ থেকে ২৮ মে ২০২৪ পর্যন্ত রাত ৮টা থেকে পরদিন ভোট ৫টা পর্যন্ত এই বিধিনিষেধ বলবৎ থাকবে। এই আদেশ আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধা সামরিক বাহিনী, রাজ্য পুলিশের কর্মীদের ক্ষেত্রে এবং জেলার এসপি ও খোয়াই মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে, অফিসের জরুরী কাজে নিযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে, জরুরী চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। এই আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জেলাশাসক আদেশে জানিয়েছেন।

\*\*\*\*\*